

► যোগ্যতাভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

১. বাংলাদেশ একটি প্রাকৃতিক দুর্যোগপ্রবণ দেশ। প্রতিবছর এ দেশে নানা রকম প্রাকৃতিক দুর্যোগ ঘটে থাকে। এসবের মধ্যে অন্যতম দুর্যোগ কী কী?
 (ক) টর্নেডো ও ঘূর্ণিঝড় (খ) জোয়ার ও ভাটা
 (গ) চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণ (ঘ) বৃষ্টি ও খরা
২. শান্ত সমুদ্র হঠাৎ ফুলে ফেঁপে উঠলো। সমুদ্রের পানি অনেক উঁচুতে উঠে গেল। সমুদ্রের লোনা পানিতে ডুবে বহু লোকের মৃত্যু হলো। কীসের কারণে এমন হলো?
 (ক) বৃষ্টি (খ) বন্যা (গ) ঘূর্ণিঝড় (ঘ) খরা
৩. বসন্ত পার হয়ে গ্রীষ্ম এসেছে। যেকোনো সময় ঘূর্ণিঝড় হতে পারে। এই সময়টিতে তুমি নিম্নের কোন সতর্ক উপায়টি মেনে চলবে?
 (ক) বাড়ির বাইরে যাবে না
 (খ) শিক্ষকের আদেশ যথাযথ পালন করবে
 (গ) বন্ধুদের সঙ্গে মেলামেশা করবে না
 (ঘ) সবসময় টেলিভিশন বা রেডিওতে খবর শোনা ও সরকারি নির্দেশ অনুসরণ করবে
৪. একজন ব্রিফ্টমন্ডলীর সদস্য হয়ে প্রাকৃতিক দুর্যোগে বিধ্বস্ত এলাকায় তুমি কী করতে চাও?
 (ক) আশ্রয়স্থানকে আশ্রয় (খ) বন্ধুস্থানকে বন্ধ
 (গ) ক্ষুধার্ত ও তৃষ্ণার্তকে খাবার পানি (ঘ) সবকয়টি
৫. ঘূর্ণিঝড় শেষ হয়েছে, এলাকা বিধ্বস্ত হয়েছে, চারিদিকে মানুষের হাহাকার-আর্তনাদ। এমন সময়ে তুমি কী করবে?
 (ক) দূরে নিরাপদ স্থানে যাবে (খ) ভয়ে চুপ করে বসে থাকবে
 (গ) জাগসামগ্রী সংগ্রহ করে তা বিতরণ করবে
 (ঘ) বই নিয়ে পড়তে বসবে
৬. ঘূর্ণিঝড়ে তোমাদের গ্রামের অনেক মানুষের ঘরবাড়ি নষ্ট হয়ে গেছে। তুমি তাদের কোথায় নিয়ে যাবে?
 (ক) মাঠে (খ) আশ্রয় স্থানে
 (গ) বাজারে (ঘ) নদীতে

৭. তোমার মা গ্যাসের চুলায় রান্না করেন। ঘূর্ণিঝড়ের পূর্বে তুমি গ্যাসের লাইন কী করবে?
 (ক) নিয়মিত রান্না করবে (খ) খুলে দিবে
 (গ) বন্ধ করবে (ঘ) এ বিষয়ে চিন্তাই করবে না
৮. সম্প্রতি দেশে ঘূর্ণিঝড়ের আঘাত হয়েছে। এমতাবস্থায় তোমার করণীয় কী?
 (ক) নিহতদের সৎকারের ব্যবস্থা করা
 (খ) প্রয়োজনীয় জিনিস হেফাজতে রাখা
 (গ) বাড়ির সবাই নিরাপদ স্থানে আশ্রয় নেওয়া
 (ঘ) কেউ যেন বাহিরে যেতে না পারে সেদিকে দৃষ্টি রাখা
৯. দুর্যোগপূর্ণ সময়ে আমরা কীভাবে দুর্যোগ কবলিত মানুষের প্রতিবেশী হয়ে উঠতে পারি?
 (ক) দুর্যোগ কবলিত মানুষকে দেখতে গিয়ে
 (খ) দুর্যোগের সময় বিদ্যুৎ ও গ্যাসলাইন বন্ধ করে
 (গ) দুর্যোগ কবলিত মানুষের সহায়তায় এগিয়ে এসে
 (ঘ) দুর্যোগ কবলিত মানুষকে নিরাপদ স্থান দেখিয়ে দিয়ে

► সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

১০. ঘূর্ণিঝড়ের সময় রেডিও বা টেলিভিশনের নির্দেশনা কী করতে হবে?
 (ক) মানতে হবে (খ) শুনতে হবে
 (গ) বুঝতে হবে (ঘ) পালন করতে হবে
১১. জাগসামগ্রী সংগ্রহ করে কী করতে হবে?
 (ক) বিতরণ করতে হবে (খ) বিক্রি করতে হবে
 (গ) জমা করে রাখতে হবে
 (ঘ) নিজের জন্য সংরক্ষণ করতে হবে
১২. আহতদের জন্য কী করা দরকার? [প্র.শি.স.প. ২০১৪; ২০১৫]
 (ক) ডাক্তার দেখানো (খ) চিকিৎসা করা
 (গ) সেবা করা (ঘ) খাবার দেওয়া
১৩. বাংলাদেশে সংঘটিত প্রাকৃতিক দুর্যোগগুলোর অন্যতম কোনটি?
 (ক) সিডর (খ) জলোচ্ছ্বাস (গ) সুনামি (ঘ) ঘূর্ণিঝড়
১৪. ঘূর্ণিঝড় সাধারণত দেশের কোন অঞ্চলে ঘটে? [প্র.শি.স.প. '১০, '১৫, '১৬]
 (ক) পূর্ব অঞ্চলে (খ) পশ্চিমাঞ্চলে
 (গ) দক্ষিণাঞ্চলে (ঘ) উত্তরাঞ্চলে